

## ঢাবি ভর্তি পরীক্ষায় ডিজিটাল জালিয়াতি, আটক ২

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক  
ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ঘ' ইউনিট ভর্তি পরীক্ষায় ডিজিটাল জালিয়াতির দায়ে দু'জনকে আটক করা হয়েছে। সন্দেহজনক মনে হওয়ায় এটি ঘড়িও জব্দ করেছে কর্তৃপক্ষ। গতকাল সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে ও ক্যাম্পাসের বাইরে ৮৬টি কেন্দ্রে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

আটক করা হলো- পুরান ঢাকার আনোয়ার পার্শ্ব হাইস্কুল কেন্দ্রের পরীক্ষার্থী শাহীন মাহমুদ (রোল-৬২৬৭২৯) এবং কাকরাইলের উইলস লিটল চ্যাওয়ার স্কুল কেন্দ্রের আতাহার শিহাব। শাহীনকে বংশানি বাবা এবং শিহাবকে শাহবাণু বানায় সোপান করা হয়েছে।

ঢাবির ভারপ্রাপ্ত প্রক্টর এএম আমজাদ জানান, তাদের কাছে আগে থেকে তথ্য ছিল শাহীন পরীক্ষার হলে মোবাইল ফোনে নকল করতে পারে। সে অনুসারে পরীক্ষার শুরুতে তাকে চেক করার পর তার কাছে মোবাইল ফোন পাওয়া যায়। শার্টের ফুলহাতার মধ্যে মোবাইল ফোন লুকানো ছিল।

এদিকে উইলস লিটল চ্যাওয়ার স্কুল কেন্দ্রে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিনের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনকারী অধ্যাপক হুমায়ুন কবির জানান, মোবাইল ফোনের ক্রম বার্তায় (এসএমএস) উত্তর পেয়ে সে পরীক্ষা দেওয়ার একপর্যায়ে ধরা পড়ে। তিনি জানান, তার মোবাইল ফোন চেক করে দেখা যায়, পরীক্ষার শুরুতে সে এসএমএসের মাধ্যমে নির্ভের পেট কোডটি পাঠায়। পরে পাঁচটি ক্রমে বার্তার মাধ্যমে তার কাছে যেটি ১০০টি প্রশ্নের উত্তর আসে। ১০টা ১৯ মিনিটে প্রথম, ১০টা ২৭ মিনিটে দ্বিতীয় ও ১০টা ৩৪ মিনিটে তৃতীয় এবং পরে আরও দুটি এসএমএস আসে বলে জানান তিনি।

যদি আটকের বিষয়ে ঢাবি প্রক্টর বলেন, আগের বছর এসএমএস আদান-প্রদান করা যায় এমন ঘড়ি দিয়ে জালিয়াতির বিষয় ধরেছি আমরা। এ কারণে সাত শিক্ষার্থীর ঘড়ি সন্দেহজনক মনে হওয়ায় সেগুলো জব্দ করা হয়েছে। এই সাতজনের পরীক্ষার রোল নম্বর তাপিকাত্ত করা হয়েছে। জব্দ করা ঘড়িগুলো এসএমএস-আদান-প্রদান উপযোগী কিনা তা পরীক্ষা-নিরীক্ষা করা হবে। প্রমাণিত হলে তাদের বাতিল করা হবে।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ঘ-ইউনিটে এক হাজার ৩৫৬ আসনের বিপরীতে ৮৩ হাজার ৫১ জন ভর্তিচ্ছু অংশ নিয়েছেন। পরীক্ষা চলাকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. জা. ম. স. আরেফিন সিদ্দিক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক নাসরীন আহমাদ, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সহিদ আকতার হুসাইন, কোষাধ্যক্ষ অধ্যাপক কামাল উদ্দীন, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ও ঘ-ইউনিট ভর্তি পরীক্ষার প্রধান সমন্বয়কারী অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ প্রমুখ বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেছেন।